2 0 1 8

PG Even Semester (CBCS) Exam., May—2018

বাংলা

(2nd Semester)

পাঠক্রম নং : BNGCC–204

(বাংলা নাটক)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। প্রহসন ও কমেডির পার্থক্য আলোচনা করো। ‘‘‘সধবার একাদশী’ নাটকে ১৯ শতকের বাংলার ইংরেজি শিক্ষিত নব্য যুবসমাজের যথেচ্ছাচারের চিত্র প্রতিফলিত।’’ বিশদ আলোচনা করো। ৪+১০=১৪

২। ১৮৬৩ সালে স্থাপিত সুরাপান নিবারণী সভার পক্ষ থেকে কোন্ দুটি ‘মাসিকপত্র’ প্রকাশিত হত? ‘সধবার একাদশী’ নাটকের নামকরণের সার্থকতা আলোচনা করো। ২+১২=১৪

খ—গুচ্ছ

৩। ‘কৃষ্ণকুমারী’ ছাড়া মধুসূদনের অন্য দুটি নাটক ও দুটি প্রহসনের নাম লেখো। ‘কৃষ্ণকুমারী’ নাটকে ভীমসিংহ ও জগৎসিংহ চরিত্র দুটি সম্পর্কে আলোচনা করো। ২+(৬+৬)=১৪

৪। ‘কৃষ্ণকুমারী’ নাটকের আখ্যান কার কোন্ গ্রন্থ থেকে নেওয়া হয়েছে? নাটকটির নামকরণের সার্থকতা আলোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। ‘রক্তকরবী’ নাটকের প্রথম পাণ্ডুলিপির নাম কি ছিল? বিশু পাগলের সঙ্গে এই নাটকে কোন্ দৃশ্যে আমাদের প্রথম সাক্ষাৎ ঘটে? ‘‘রবীন্দ্রনাথের মতে, এই নাটকে রয়েছে নন্দিনী নামে এক মানবীর ছবি।’’ উক্তিটি সম্পর্কে তোমার মত আলোচনা করো। ১+১+১২=১৪

৬। ‘রক্তকরবী’ নাটকের প্রথম সংলাপটি কার? এই নাটকের ইংরেজি অনুবাদের নাম লেখো। এই নাটকের প্রতিপাদ্য বিষয় কর্ষণজীবী ও আকর্ষণজীবী সভ্যতার দ্বন্দ্ব—আলোচনা করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। প্রাচ্য ও পাশ্চাত্যের নাট্যশাস্ত্র-বিষয়ক আদিগ্রন্থ দুটির নাম লেখো। নাটমঞ্চ ও অভিনয়রীতির প্রেক্ষিতে গ্রীক কোরাস ও প্রসেনিয়ম থিয়েটার-এর বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দাও। ২+(৬+৬)=১৪

৮। বিভান্তক কে? 'তপস্বী ও তরঙ্গিনী' নাটকের দ্বিতীয় ও তৃতীয় অঙ্কের ঘটনার মধ্যে কতদিনের ব্যবধান রয়েছে? ''একটি পুরাণ-কাহিনীকে আমি নিজের মনোমত করে সাজিয়ে নিয়েছি, তাতে সঞ্চার করেছি আধুনিক মানসের মানসতা ও দ্বন্দ্ববেদনা।'' পাঠ অভিজ্ঞতার আলোকে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। দুজন অস্তিবাদী দার্শনিকের নাম লেখো। অস্তিবাদী দর্শনের প্রেক্ষিত থেকে চাঁদ চরিত্রটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

১০। 'চাঁদ বণিকের পালা' ছাড়া শম্ভু মিত্র রচিত অন্য দুটি নাটকের নাম লেখো। '' 'মনসামঙ্গল কাব্য'-এর লখাই–বেহুলা, 'চাঁদ বণিকের পালা'য় শম্ভু মিত্রের কলমে আধুনিক মানুষ হয়ে উঠেছে।'' আলোচনা করো। ২+(৬+৬)=১৪

★★★